ভোরের কাগজ

APR. 30 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# জাবিতে ৩ ছাত্রলীগ নেতা প্রহৃত হওয়ার নিন্দা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যায়ে গত রোববার ছাত্রদল ক্যাডারদের হাতে ৩ ছাত্রলীগ নেতার প্রহৃতের ঘটনায় তীব্র নিন্দা এবং প্রতিবাদ জানিয়েছেন ছাত্রলীগ কেন্দ্রীয় ভারপ্রাপ্ত সভাপতি এবং সাধারণ সম্পাদক।

ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপি এবং সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শিখর এক যুক্ত বিবৃতিতে বলেন, নির্বাচনপরবর্তী ধারাবাহিকতায় ছাত্রদল সন্ত্রাসী কর্তৃক ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর অত্যাচারনির্যাতন চালালেও বিশ্ববিদ্যালয় প্রশাসন নির্লজ্জভাবে সেসব মেনে নিয়ে সন্ত্রাসীদের প্রশ্রয় দিয়ে যাচ্ছে।

নেতৃবৃন্দ অবিলম্বে দায়ী সন্ত্রাসীদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান এবং ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাকর্মীদের নিরাপত্তাসহ ক্যাম্পাসে পুনর্বাসনের জোর দাবি জানান।